অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/10/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্কে শিশু পরিচর্যাকে আরো সাশ্রয়ী, সহজলভ্য এবং ন্যায্য করার পরিকল্পনা ঘোষণা করেছেন

নতুন উদ্যোগগুলি শিশু পরিচর্যার আবেদন প্রক্রিয়াকে স্ট্রিমলাইন করবে, শিশু পরিচর্যার অ্যাক্সেস প্রসারিত করবে এবং নিউ ইয়র্কের শিশু পরিচর্যার পরিকাঠামোকে সহায়তা করবে

গভর্নর ক্যাথি হোকল আজ 2023 স্টেট অভ দ্যা স্টেট এর অংশ হিসাবে, নিউ ইয়র্কের শিশু পরিচর্যা ব্যবস্থাকে আরো ন্যায্য, আরো সাশ্রয়ী এবং সহজলভ্য করার জন্য একটি ব্যাপক পরিকল্পনা ঘোষণা করেছেন। প্রস্তাবগুলির মধ্যে শিশু পরিচর্যার আবেদন প্রক্রিয়াকে স্ট্রিমলাইন এবং কেন্দ্রীয়করণ, সিস্টেমে অ্যাক্সেস সম্প্রসারিত করা এবং নিউ ইয়র্কের শিশু পরিচর্যার পরিকাঠামোকে সমর্থন করার জন্য পরিবার, কর্মী এবং ব্যবসায়িকদের সহায়তা প্রদানের পরিকল্পনা অন্তর্ভুক্ত রয়েছে।

"সাশ্রয়ী মূল্যের শিশু পরিচর্যার বিকল্পের অভাবে যেসব ব্যক্তিকে তাদের কর্মজীবনকে বিরতিতে রাখতে হয়েছিল, আমি বুঝতে পারি যে এই লাইফলাইনটি তাদের পরিবারের জন্য কতটা গুরুত্বপূর্ণ," **গভর্নর হোকল বলেন।** "যদিও আমরা চাইল্ড কেয়ার ফান্ডিং বাড়ানোর জন্য বড় বিনিয়োগ করেছি, এখনও অনেক পরিবার আছে যারা এই সংস্থানগুলি অ্যাক্সেস করতে সক্ষম নয়। এই কারণেই আমরা শিশু পরিচর্যা খোঁজার প্রক্রিয়া উন্নত করতে, প্রোগ্রামের যোগ্যতা প্রসারিত করতে এবং আমাদের শিশু পরিচর্যা কর্মীদের সমর্থন করার জন্য গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিচ্ছি।"

চাইল্ড কেয়ার প্রোগ্রামগুলি দীর্ঘকাল ধরে সবচেয়ে কম মার্জিনে পরিচালিত হয়েছে, যা আমাদের সবচেয়ে ছোট বাচ্চাদের লালন-পালন এবং শিক্ষাদানকারী কর্মীদের জীবিকা নির্বাহের মজুরি সহ মানসম্পন্ন পরিচর্যা প্রদানের বিশাল খরচগুলি পূরণ করার জন্য যথেষ্ট নয়। মহামারীর চরম অবস্থায়, শ্রেণিকক্ষগুলি বন্ধ হয়ে যাওয়ায় এবং সম্পূর্ণ প্রোগ্রামগুলি তাদের দরজা বন্ধ করে দেওয়ায়, অনেক পরিবার তাদের কর্মসংস্থান - এবং তাদের অর্থনৈতিক স্থিতিশীলতাকে বিপদে ফেলে বিকল্প পরিচর্যার ব্যবস্থা খুঁজে পেতে লড়াই করেছিল। ফলস্বরূপ, মহিলারা অসমানুপাতিক হারে কর্মশক্তি ছেড়ে চলে যায় যখন যেসকল পরিবারগুলর জন্য কাজ না করা কোনো বিকল্প ছিল না, তাদেরকে একটি ভঙ্গুর, প্যাচওয়ার্ক সিস্টেম নেভিগেট করার জন্য ছেড়ে দেওয়া হয়েছিল।

গত বছর গভর্নর হোকল শিশু পরিচর্যার ক্ষেত্রে একটি ঐতিহাসিক 7 বিলিয়ন মার্কিন ডলারের স্টেট বিনিয়োগ ঘোষণা করেছেন। তবুও, শিশুর পরিচর্যা গ্রহণ করা কম থেকে গেছে এবং গভর্নর পরিবারগুলিকে উপলভ্য সংস্থানগুলি সহজলভ্য করতে সহায়তা করতে প্রতিশ্রুতিবদ্ধ। এই কারণেই গভর্নর হোকলের প্রস্তাবটি নিউ ইয়র্কের শিশু পরিচর্যা ব্যবস্থাকে সংশোধন করার জন্য তিনটি প্রধান লক্ষ্যের উপর ফোকাস করবে: পরিবারগুলির জন্য সেইসকল আর্থিক সহায়তা অ্যাক্সেস করা সহজলভ্য করা যার জন্য তারা যোগ্য; চাইল্ড কেয়ার কর্মীদের সহায়তা প্রদান করা; এবং আরো পরিবারের জন্য সরবরাহ তৈরি এবং খরচ কমাতে নতুন উপায়ে ব্যবসায়ী কমিউনিটিকে অন্তর্ভুক্ত করা।

শিশু ও পরিবার বিষয়ক পরিষেবা দপ্তরের (Office of Children and Family Services) ভারপ্রাপ্ত কমিশনার শেইলা পুলি বলেন, "স্টেটের সবচেয়ে ঝুঁকিপূর্ণ শিশু, পরিবার ও কমিউনিটিগুলোর উন্নতির জন্য তার অবিচল অঙ্গীকারাবদ্ধতার জন্য আমি গভর্নর হোকলের প্রশংসা করি। এই ব্যাপক এবং যুগান্তকারী উদ্যোগগুলি আমাদের কঠোর পরিশ্রমী পিতামাতাদের জন্য শিশু পরিচর্যায় আরো বেশি অ্যাক্সেসের সুবিধা দেবে, আমাদের যোগ্য শিশু পরিচর্যা কর্মীদের জন্য মজুরি বৃদ্ধি করবে, যারা প্রায়শই সেবার চাহিদা ক্রমাগত বাড়তে থাকায় জীবিকা নির্বাহ করতে এবং শিশু যত্ন কর্মসূচির স্থিতিশীলতা নিশ্চিত করতে নিজেদের পক্ষ থেকে সংগ্রাম করছেন। আমরা আমাদের পরিবারবর্গের কথা শুনেছি, বিশেষ করে মহিলারা যারা প্রায়শই শিশু পরিচর্যার সীমাবদ্ধতার দ্বারা প্রভাবিত হন তারা আমাদের সরবরাহকারীদের কথা শুনেছেন এবং উচ্চস্বরে বলছেন আপনি একা নন। মানসম্পন্ন, নিরাপদ এবং ঝুঁকিমুক্ত শিশু পরিচর্যাকে আরো ন্যায়সঙ্গত, সাশ্রয়ী এবং টেকসই করতে এই সাহসী পদক্ষেপের অংশ হতে পেরে OCFS গর্বিত।"

চাইল্ড কেয়ার আবেদন প্রক্রিয়াকে স্ট্রীমলাইন এবং সেন্ট্রালাইজ করা

গভর্নর হোকল একটি স্টেটব্যাপী ইলেকট্রনিক সমাধান প্রস্তাব করেছেন যা পরিবারগুলিকে যোগ্যতার জন্য প্রাক-স্ক্রিন করতে এবং শিশু পরিচর্যা সহায়তার জন্য আবেদন করার সুযোগ দেয়, যে কোনও অপ্রয়োজনীয় প্রক্রিয়া এবং পরিবারগুলির উপর অপ্রয়োজনীয় রিপোর্টিং এর আবশ্যকতাসমূহ অপসারণ করে৷ চাইল্ড কেয়ার সহায়তার জন্য আবেদনকে সহজীকরণ এবং কেন্দ্রীকরণ করে, ডকুমেন্টেশন উপস্থাপনের প্রক্রিয়াকে সহজ করে, এবং সমস্ত কাউন্টির জন্য একটি অনলাইন আবেদনের বিকল্প তৈরি করে, গভর্নর হোকল সফলভাবে সম্পন্ন করা আবেদনের সংখ্যা নাটকীয়ভাবে বৃদ্ধি করার লক্ষ্য নির্ধারণ করেছেন।

চাইল্ড কেয়ার সিস্টেমে অ্যাক্সেস সম্প্রসারণ করা

গভর্নর হোকল ফেডারেল আইন দ্বারা অনুমোদিত সর্বোচ্চ আয়ের সীমা বাড়িয়ে শিশু পরিচর্যা সহায়তার জন্য যোগ্যতা প্রসারিত করার একটি পরিকল্পনা উন্মোচন করেছেন - যা নিউ ইয়র্কের মধ্য আয়ের 85 শতাংশ, বা চারজনের একটি পরিবারের জন্য প্রতি বছর প্রায় 93,200 মার্কিন ডলার। ফলস্বরূপ, আনুমানিক আরো 113,000 শিশুর পরিবার প্রথমবারের মতো সহায়তার জন্য যোগ্য হয়ে উঠবে, যা অধিক পরিবারের জন্য সাধ্যের বাইরে থাকা খরচ কমাতে সাহায্য করবে।

উপরন্তু, গভর্নর একটি অপ্রয়োজনীয়তা দূর করার প্রস্তাব করেছেন যে যেসকল পরিবার বিভিন্ন প্রোগ্রামে যেমন পরিপূরক পুষ্টি সহায়তা প্রোগ্রাম, হোম এনার্জি অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম, মেডিকেইড এবং মহিলা, নবজাতক এবং শিশুদের জন্য বিশেষ পরিপূরক পুষ্টি প্রোগ্রাম অংশগ্রহণ করে তাদেরকে তারা চাইল্ড কেয়ার অ্যাসিস্ট্যান্স প্রোগ্রামের জন্য উপযুক্ত-আয়ের সেটি প্রমাণ করতে হবেনা। এই পরিবর্তনগুলির ফলস্বরূপ, ইতিমধ্যেই যোগ্য পরিবারগুলির আনুমানিক 83,400 জন শিশু চাইল্ড কেয়ার অ্যাসিস্ট্যান্স প্রোগ্রামে সহজে অ্যাক্সেস পাবে।

গভর্নর হোকল স্থানীয় ডিস্ট্রিক্ট জুড়ে মূল যোগ্যতার মানদণ্ডও নিশ্চিত করবেন যে সবচেয়ে ঝুঁকিপূর্ণ পরিবারগুলি — গৃহহীনতার সম্মুখীন পরিবার এবং যে পরিবারগুলি পালক পরিচর্যা বা আত্মীয়তার পরিচর্যায় একটি শিশুর পরিচর্যা নেয় — তাদের জন্য যতক্ষণ তহবিল পাওয়া যায় ততক্ষণ শিশু পরিচর্যা সহায়তা প্রদান করা হয়। অতিরিক্তভাবে, গভর্নর অনুপস্থিতির বিষয়ে স্টেটের নীতিগুলি মানসম্মত করবেন। বর্তমানে, অনুপস্থিতির জন্য অর্থপ্রদানের বিষয়ে ডিস্ট্রিক্টের নীতিগুলি ব্যাপকভাবে পরিবর্তিত হয়, 11টি ডিস্ট্রিক্ট পকেট থেকে অর্থ প্রদানের জন্য একটি পরিবার দায়বদ্ধ হওয়ার আগে 80 দিন পর্যন্ত ক্ষতিপূরণ প্রদান করে কিন্তু 20টিরও বেশি ডিস্ট্রিক্ট শুধুমাত্র 24টি অনুপস্থিতিকে কভার করে। স্টেট বাধ্যতামূলক করবে যে কাউন্টি জুড়ে এই নীতিকে মানসম্মত করার প্রয়াসে ডিস্ট্রিক্টগুলি 80টি অনুপস্থিতিকে কভার করবে।

স্টেট দারিদ্র্য স্তরের উপরে পারিবারিক আয়ের এক শতাংশে পারিবারিক কো-পেমেন্টকেও সীমাবদ্ধ করবে, যেমনটি প্রায় অর্ধেক ডিস্ট্রিক্ট ইতোমধ্যেই করেছে, 10 শতাংশ ক্যাপ যা বর্তমান স্টেটব্যাপী নিয়ম। স্টেট অনুমান করে যে এই নিয়ম পরিবর্তনের ফলে 10 শতাংশ পরিবার তাদের কো-পেমেন্টে হ্রাস দেখতে পাবে, যা সেইসব পরিবারের জন্য প্রোগ্রামে অংশগ্রহণ করাকে সহজতর করে তুলবে।

এছাড়াও, গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেট হোমস এবং কমিউনিটি রিনিউয়ালকে নিবেদিত শিশু পরিচর্যার স্থান অন্তর্ভুক্ত করার জন্য আবাসন উন্নয়নে উৎসাহিত করার নির্দেশ দিচ্ছেন। সাশ্রয়ী মূল্যের শিশু পরিচর্যা শিশু এবং পিতামাতা উভয়ের জন্যই অপরিহার্য, শৈশব বিকাশকে উৎসাহিত করবে এবং পিতামাতার কাজ করার স্বাধীনতাকে বৃদ্ধি করবে। স্টেট জুড়ে শিশু পরিচর্যা কেন্দ্রগুলি উচ্চ ভাড়া নির্বাহ করতে এবং কঠোর কিন্তু গুরুত্বপূর্ণ নিরাপত্তা নিয়ম দ্বারা সীমাবদ্ধ একটি মার্কেটে স্থান পাওয়ার জন্য প্রতিযোগিতায় হিমশিম খায়। চাইল্ড কেয়ার ডেজার্টে প্রোগ্রামের সক্ষমতা বাড়ানোর জন্য 100 মিলিয়ন ডলারের একটি অভূতপূর্ব বিনিয়োগ তৈরি করে, স্টেট শিশু পরিচর্যা সুবিধাগুলি আমাদের কমিউনিটির ফ্যাব্রিকের সাথে একীভূত করা নিশ্চিত করতে আরো পদক্ষেপ নেবে। HCR স্পষ্টভাবে তার স্বল্প-আয়ের হাউজিং ট্যাক্স ক্রেডিটের জন্য আবেদনের পক্ষে থাকবে যা চাইল্ড কেয়ার সুবিধার স্থানকে অন্তর্ভুক্ত করে।

<u>কর্মশক্তি ধরে রাখার অনুদান কর্মসূচি</u>

স্টেটব্যাপী 17,000 প্রোগ্রামে শিশু পরিচর্যা প্রদানকারীদের অর্থ প্রদানের জন্য গভর্নর হোকল একটি নতুন কর্মশক্তি ধরে রাখার অনুদান কর্মসূচি প্রতিষ্ঠা করতে অব্যয়িত ফেডারেল তহবিল ব্যবহার করবেন। নতুন কর্মচারীদের জন্য সাইন-অন বোনাস এবং নতুন কর্মীদের নিয়োগ সংক্রান্ত অন্যান্য খরচ সহ বেতন-কর সহায়তা এবং সহায়তা কর্মী নিয়োগের কৌশলগুলি কভার করতেও অনুদান ব্যবহার করা হবে। এটি চাইল্ড কেয়ার সেক্টরকে স্থিতিশীল করার জন্য একটি

গুরুত্বপূর্ণ এবং সময়োপযোগী পদক্ষেপ কারণ স্টেট এবং শিশু পরিচর্যা প্রাপ্যতা টাস্ক ফোর্স বিকল্প কর্মশক্তি ক্ষতিপূরণ কাঠামোর মূল্যায়নের গুরুত্বপূর্ণ কাজ চালিয়ে যাচ্ছে।

নিউ ইয়র্ক স্টেট নিয়োকর্তা-সমর্থিত চাইল্ড কেয়ার পাইলট প্রোগ্রাম

CCAP-এর জন্য অযোগ্য পরিবারগুলির ক্রয়ক্ষমতাকে আরো ভালভাবে মোকাবেলা করতে এবং নিয়োগকর্তাদের কাছ থেকে নতুন সংস্থান আনতে, গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেট নিয়োগকর্তা-সমর্থিত চাইল্ড কেয়ার পাইলট প্রোগ্রাম প্রতিষ্ঠা করবেন যাতে যোগ্য কর্মচারীদের পরিচর্যার খরচগুলি রাজ্য, নিয়োগকর্তা এবং কর্মচারীদের মধ্যে ভাগ করা যায়। ESCC পাইলটে, নিয়োগকর্তারা মধ্য আয়ের 85 শতাংশ থেকে 100 শতাংশের মধ্যে পরিবারগুলির পরিচর্যার খরচের এক তৃতীয়াংশ অবদান রাখবে এবং স্টেট এটি মেটাবে, এই পরিবারগুলির জন্য সাধ্যের বাইরের খরচ কমানো এবং শিশু যত্নের জন্য মিলিয়ন মিলিয়ন ডলার নতুন আর্থিক সহায়তা তৈরি করার মাধ্যমে স্টেট এটি ম্যাচ করবে।

স্টেটব্যাপী শিশু পরিচর্যার জন্য ব্যবসায়িক আয়কর ক্রেডিট গ্রহণ করুন

উপযুক্ত খরচের সীমাবদ্ধতা, এবং নকশায় অন্যান্য সীমাবদ্ধতা অনুযায়ী আগে থেকে বিদ্যমান ফেডারেল এবং স্টেট নিয়োগকর্তা-প্রদত্ত শিশু পরিচর্যা ক্রেডিট নিয়োগকর্তারা ব্যাপকভাবে ব্যবহার করেননি। গভর্নর হোকল তাদের কর্মীদের জন্য শিশু পরিচর্যার অ্যাক্সেস তৈরি বা প্রসারিত করে এমন ব্যবসাগুলির জন্য আরো নমনীয় স্টেটব্যাপী দুই বছরের ব্যবসায়িক আয়কর ক্রেডিট প্রস্তাব করেছেন।

প্রস্তাবটি একই সময়ে নিউ ইয়র্ক সিটির ব্যবসায়িক আয়কর ক্রেডিট এর সাথে সারিবদ্ধ হবে যা একই সময়ে সিটি-লেভেল এবং স্টেট-লেভেলের ফলাফলগুলিকে মূল্যায়ন করার অনুমতি দেয়।

একটি বিজনেস নেভিগেটর প্রোগ্রাম তৈরি করা

গভর্নর হোচুল 10টি আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল অঞ্চলের প্রতিটিতে একটি বিজনেস নেভিগেটর প্রোগ্রাম স্থাপন করবেন যা আগ্রহী ব্যবসাগুলিকে কর্মীদের শিশু পরিচর্যার চাহিদাগুলি সমর্থন করার বিকল্পগুলি সনাক্ত করতে সহায়তা করবে এবং স্টেট টাস্ক ফোর্সের সুপারিশগুলির মধ্যে একটিকে ভাল করে একটি স্টেটব্যাপী নিয়োগকর্তার শিশু পরিচর্যার নির্দেশিকাও তৈরি করবে।

গভর্নর হোকলের শিশু পরিচর্যা এজেন্ডা

গভর্নর হোকলের স্টেট অভ দ্য স্টেট প্রস্তাবগুলি নিউ ইয়র্ক স্টেটে শিশু পরিচর্যাকে আরো ন্যায্য, আরো অ্যাক্সেসযোগ্য এবং আরো সাশ্রয়ী করার ক্ষেত্রে তার দীর্ঘ রেকর্ডের উপর ভিত্তি করে তৈরি হয়েছে। লেফটেন্যান্ট গভর্নর হিসাবে, গভর্নর হোকল স্টেটের শিশু পরিচর্যা প্রাপ্যতা টাস্ক ফোর্সের সহ-সভাপতি ছিলেন, যেটি উদ্ভাবনী সমাধানগুলির বিকাশের উপর দৃষ্টি ফোকাস করে যা নিউ ইয়র্কে মানসম্পন্ন, সাশ্রয়ী মূল্যের শিশু পরিচর্যার অ্যাক্সেসের উন্নয়ন করবে। এবং গভর্নর হিসাবে, তিনি আইনসভার সাথে শিশু পরিচর্যা ব্যবস্থাকে সংশোধন করতে এবং শিশু পরিচর্যা সহায়তা কর্মসূচির উন্নতির জন্য চার বছরের 7 বিলিয়ন মার্কিন ডলারের প্রতিশ্রুতি সহ ঐতিহাসিক, একক ধরনের বিনিয়োগ করতে কাজ করেছেন; যা নিউ ইয়র্কের অর্ধেকেরও বেশি

অল্পবয়সী শিশুদের জন্য শিশু যত্ন সহায়তার জন্য আয়ের যোগ্যতা সম্প্রসারণ করছে; পরিবারগুলি বেছে নিতে পারে এমন প্রোগ্রামের সংখ্যা বাড়ানোর জন্য প্রদানকারীদের স্টেটের প্রতিদানের হার বৃদ্ধি করছে; একটি চাইল্ড কেয়ার ক্যাপিটাল প্রোগ্রাম প্রতিষ্ঠার জন্য 50 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করছে; বন্ধ হওয়ার ঝুঁকিতে থাকা প্রোগ্রামগুলিকে স্থিতিশীল করতে এবং শিশু যত্নের কর্মীবাহিনীকে সমর্থন করার জন্য 343 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করছে; এবং সমস্ত SUNY এবং CUNY ক্যাম্পাসে শিশু যত্ন সম্প্রসারণের জন্য 15.6 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418